দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১ সেগুনবাগিচা, ঢাকা
www.acc.org.bd

নং ০০.০১.০০০০.১০৩.৩৫.০৬৩.০৭ (অংশ-৪)/ ৪৪০৮(৮০) তারিখ: ০৭/০২/১৮

**পরিপত্র**

**বিষয়: অভিযোগ যাচাই-বাছাই কমিটি ও অনুসন্ধানকারী কর্মকর্তাদের জন্য অনুসরণীয় বিষয়াদি।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অভিযোগ যাচাই-বাছাই কমিটি ও অনুসন্ধানকারী কর্মকর্তাদের নিম্নরূপ বিষয়াবলী অনুসরণ করতে হবে:

২। অভিযোগ যাচাই-বাছাই এর ক্ষেত্রে পয়েন্ট পদ্ধতি অনুসরণ বিষয়ক সার্কুলার নং-দুদক/প্রশাঃ ও লজিঃ/৩৩/২০১৭/৩১৬৭৮/(১১০) তারিখ ২২/১০/২০১৭ খ্রিঃ পুঙ্খানুপুঙ্খ অনুসরণ করতে হবে।

৩। জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগের ক্ষেত্রে ব্যক্তির পদবী, তার সম্ভাব্য বৈধ আয় এবং অভিযোগে বর্ণিত অবৈধ সম্পদের বিবরণ একটি ছকে উপস্থাপন করতে হবে। সরকারি কর্মচারি নয় এরূপ ব্যক্তির বিরুদ্ধে জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগ অনুসন্ধানের জন্য গ্রহণ করার ক্ষেত্রে খুবই রক্ষণশীল হতে হবে।

৪। অনেক অভিযোগে একজন সরকারি কর্মচারির বিরুদ্ধে অন্যান্য দুর্নীতির অপরাধের পাশাপাশি তার অনেক অবৈধ সম্পদ রয়েছে মর্মে উল্লেখ করা হয়। কিন্তু এসব অভিযোগে সম্পদের কোন সুনির্দিষ্ট তথ্য উল্লেখ করা হয় না। এ ধরণের অভিযোগের ক্ষেত্রে ঢালাওভাবে অনুসন্ধানের জন্য সুপারিশ না করে কেবলমাত্র দুর্নীতির অংশটুকু অনুসন্ধানের জন্য কমিশনের নিকট সুপারিশ করা যেতে পারে এবং এরূপ ঢালাও সম্পদের অভিযোগের ক্ষেত্রে মূল দুর্নীতির অভিযোগ ব্যতীত সম্পদ সংক্রান্ত অভিযোগের অনুসন্ধানের জন্য সময় ব্যয় না করার নির্দেশ দেয়া যেতে পারে।

৫। ক্ষেত্র বিশেষে পরিলক্ষিত হয়েছে যে, অনুসন্ধানকারী কর্মকর্তাগণ মূল দুর্নীতির অভিযোগ অনুসন্ধান বাদ দিয়ে সম্পদ সংক্রান্ত অভিযোগ অনুসন্ধানের জন্য ব্যাপক সময় ব্যয় করেন। যে সকল ক্ষেত্রে সুনির্দিষ্টভাবে জ্ঞাত আয় বহির্ভূত সম্পদের অভিযোগের অনুসন্ধানের অনুমতি প্রদান করা হবে না, সে সকল ক্ষেত্রে অনুসন্ধানকারী কর্মকর্তাকে সম্পদের তথ্য চাওয়া থেকে বিরত থাকতে হবে এবং মূল দুর্নীতির অভিযোগের অনুসন্ধানের বিষয়ের উপর গুরুত্ব দিতে হবে।

৬। সম্পদের অনুসন্ধানকালে বিধি-১৭ এবং বিধি-১৮ যথারীতি অনুসরণ করতে হবে।

৭। বিধি-৪ অনুযায়ী থানায় দুর্নীতির অপরাধ সংক্রান্ত অভিযোগ দায়ের এর ক্ষেত্রে যথারীতি বিদ্যমান পদ্ধতি অনুসরণ করতে থাকবে।

৮। বিধি-৬ অনুসারে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর তফসিলে বর্ণিত দুর্নীতির অপরাধের ক্ষেত্রে অনুসন্ধানের অনুমোদন গ্রহণের নিমিত্ত আলাদা মেট্রিক্সে কমিশনের নিকট উপস্থাপন করতে হবে।

৯। অনুসন্ধানকারী কর্মকর্তার নিকট অনুসন্ধানটি হাওলা হওয়ার পর তিনি অনুসন্ধান শেষে নিম্নরূপ পদ্ধতিতে সুপারিশ করবেন:

ক) অনুসন্ধানের ঘটনা প্রমাণিত হওয়ায় মামলা (এজাহার) রুজু করা যেতে পারে;
খ) অভিযোগটি অসত্য ও সঠিক প্রমাণিত না হওয়ায় অনুসন্ধানটি পরিসমাপ্তি করা যেতে পারে;
গ) একই অভিযোগের ভিতরে ভিন্ন ভিন্ন প্রকৃতির অভিযোগ অন্তর্ভূক্ত থাকলে অর্থাৎ অভিযোগের বিভিন্ন অংশের অনুসন্ধান শেষে যদি প্রতিয়মান হয় কিছু অভিযোগ সঠিক, কিছু অভিযোগের সত্যতা পাওয়া যায়নি, এরূপ ক্ষেত্রে আলাদাভাবে সঠিক অভিযোগের ক্ষেত্রে মামলা রুজুর সুপারিশ এবং ভিত্তিহীন অভিযোগের ক্ষেত্রে পরিসমাপ্তির সুপারিশ করতে হবে।

০৬.০২.২০১৮
ড. মোঃ শামসুল আরেফিন
সচিব
ফোন: ৯৩৬০১১০
E-mail: secretary@acc.org.bd

বিতরণ:

১। মহাপরিচালক, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (সকল)।
২। পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয় (সকল) (তাঁর অধীনস্ত সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৩। চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সানুগ্রহ অবগতির জন্য)।
৪। কমিশনার (তদন্ত/অনুসন্ধান)-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় কমিশনারের সানুগ্রহ অবগতির জন্য)।
৫। উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়/সমন্বিত জেলা কার্যালয় (সকল) (তাঁর অধীনস্ত সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

E:\Dipak(Admin)\Office order & Notice\Circular.doc

CamScanner

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা
www.acc.org.bd

স্মারক নম্বর: ০০.০১.০০০০.১০৩.০৪.০৫২.১০(অংশ-৩)/ ৫৮-২৮৫(৫০) তারিখ: ১২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো)।
২। পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয় (সকল) (সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো)।
৩। কমিশনার (অনুসন্ধান) এঁর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন (মাননীয় কমিশনার এঁর সদয় অবগতির জন্য)।
৪। সিস্টেম এনালিষ্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সচিব এঁর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন (সচিব মহোদয় এঁর সদয় অবগতির জন্য)।
৬। চেয়ারম্যান এঁর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন (মাননীয় চেয়ারম্যান এঁর সদয় অবগতির জন্য)।
৭। কমিশনার (তদন্ত) এঁর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন (মাননীয় কমিশনার এঁর সদয় অবগতির জন্য)।
৮। উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়/সমন্বিত জেলা কার্যালয়/জেলা কার্যালয় (সকল) (সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো)।
৯। প্রোগ্রামার, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধ করা হলো)।
১০। অফিস কপি।

২৭/০৭/২০২৫

দাউদ হোসেন চৌধুরী
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)
ফোন: ০২-২২২২২১১৬৫
ইমেইল: d.admin@acc.org.bd

CamScanner